আলমডাঙ্গায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

আলমডাঙ্গায় র্যালি, আগুন নেভানোর মহড়া ও আলোচনা সভার মধ্য দিয়ে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৬ পালিত হয়েছে। আজ মঙ্গলবার উপজেলা পরিষদ চত্বরে এসব কর্মসূচি অনুষ্ঠিত হয়।

ঘর থেকেই শুরু করি, দুর্যোগ সহনশীল দেশ গড়ি প্রতিপাদ্য সামনে রেখে সকালে র্যালি বের করা হয়। পরে আগুন লাগলে কীভাবে তা নেভাতে হবে এবং দ্রুত নিরাপদে মানুষকে সরিয়ে নিতে হবে, তা মহড়ার মাধ্যমে দেখানো হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহীনুর আক্তার। বিশেষ অতিথি ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মহেশ্বর মণ্ডল, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মৌদুদ আলম খাঁ , নির্বাহী প্রকৌশলী মেজবাহুর রহমান ও উপজেলা নির্বাচন কর্মকর্তা মেজর আহাম্মেদ।

আলোচনা সভায় বক্তারা বলেন, আগুন ও অন্যান্য দুর্যোগে একটু অসতর্কতার কারণে বড় ক্ষতি হতে পারে। তাই বাড়িঘরে আগুন লাগার ঝুঁকি কমাতে সবাইকে সতর্ক থাকতে হবে। আগুন লাগলে কী করতে হবে, কোথায় নিরাপদে যেতে হবে এবং কীভাবে অন্যকে সাহায্য করতে হবে, তা আগে থেকেই জেনে রাখা দরকার।

বক্তারা আরও বলেন , দুর্যোগ মোকাবিলায় শুধু সরকারের ওপর নির্ভর করলে হবে না। নিজের পরিবার ও আশপাশের মানুষকেও সচেতন করতে হবে। আগে থেকে প্রস্তুতি থাকলে অনেক প্রাণ বাঁচানো এবং ঘরবাড়ি ও সম্পদের ক্ষতি কমানো সম্ভব।

এসময় অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

‘ঘর থেকে শুরু করি, দুর্যোগ সহনশীল দেশ গড়ি’-এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা ও অগ্নিনির্বাপণ মহড়া অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে এ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপী ইবনে সাজ্জাদ, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল ইসলাম ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ওয়্যারহাউস ইন্সপেক্টর রতন শর্মা এবং রেড ক্রিসেন্টের প্রতিনিধি সাব্বির হোসেন প্রমুখ।

এর আগে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক

[redacted]

[redacted]

[redacted]

[

চুয়াডাঙ্গা জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মোঃ মিজানুর রহমান

এসময় সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সদস্যবৃন্দ, রেড ক্রিসেন্ট সোসাইটির সদস্যবৃন্দ, এনজিও প্রতিনিধি, রোভার স্কাউটস এর সদস্যবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন

আলমডাঙ্গায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সকাল সাড়ে ৯ টায় এ দিবস উপলক্ষ্যে উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করেন। পরে উপজেলা পরিষদের হল রুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এবারের দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষ্যে ‘অসমতার বিরুদ্ধে লড়াই করি, দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি’ স্লোগানে দিবসটি পালিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে আয়ুব হোসেন বলেন, বৈশ্বিক উষ্ণতার কারণে দেশে বিভিন্ন দুর্যোগের মুখোমুখি হতে হচ্ছে। একারণে ঘর-বাড়ির সহ সকলকে জান-মালের নিরাপত্তায় ভুগতে হয়। পরিবেশের ভারসাম্য রক্ষায় প্রত্যেকে একটি করে গাছ লাগানো প্রয়োজন।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান খন্দকার সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা শিক্ষা অফিসার জিয়াউল হক, থানার ওসি (অপারেশন) ফরিদ উদ্দিন, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ

আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সহযোগিতার মাধ্যমে অনুষ্ঠিত আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক।

এছাড়া কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন উপজেলা মহিলা তথ্য আপা কর্মকর্তা স্নিগ্ধা দাস, সহকারী শিক্ষা কর্মকর্তা হুমায়ুন কবির, উপ-সহকারী কৃষি কর্মকর্তা খালিদ সাইফুল্লাহ, থানার এস আই তারিফুজ্জামান, উপজেলা স্কাউটসের সাধারণ সম্পাদক প্রধান শিক্ষক নুরুল ইসলাম দীপু, ফায়ার সার্ভিস কর্মকর্তা আল মামুন, স্কাউট প্রতিনিধি তন্ময় বিশ্বাস, অংকুর দত্ত প্রমূখ।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের প্রধান, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, সাংবাদিক, স্কাউটের প্রতিনিধি, ফায়ার সার্ভিসের সদস্য উপস্থিতি ছিলেন।

কোটচাঁদপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

“অসমতার বিরুদ্ধে লড়াই করি দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি” এই প্রতিপাদ্য ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২৩ ভুমিকম্প, অগ্নিকাণ্ড,বন্যা,বজ্রপাত বিষয়ক মহড়া র্যালি ও সচেতনতা বৃদ্ধিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ শেষে উপজেলা প্রশাসন ও দুর্যোগ ব্যাবস্থাপনা শাখা কোটচাঁদপুরের আয়োজনে অফির্সাস ক্লাব মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার উছেন মে এর সভাপতিত্বে প্রধান অতিথি

হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার আক্কাস আলী, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, সাংবাদিক, নজরুল ইসলাম, আব্দুল্লাহ বাশার প্রমুখ।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম। সে সময় দুর্যোগ, ভুমিকম্প উপর চিত্রা অঙ্কন প্রতিযোগিতায় বিজয়ী দের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। এ সময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা, ফায়ার সার্ভিসের সদস্য, শিক্ষার্থী, সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন

“অসমতার বিরুদ্ধে লড়াই করি দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি” এই প্রতিবাদে মুজিবনগরে র্যালি, আলোচনা সভা এবং ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়ার মধ্য দিয়ে পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস।

শুক্রবার সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয় র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ অডিটরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুবা আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী

কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন, মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর ভারপ্রাপ্ত স্টেশন অফিসার শাহজাহান আলী।

আলোচনা সভা শেষে উপজেলা চত্বরে মুজিবনগর ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্সের অগ্নি নির্বাপন মহড়া অনুষ্ঠিত হয়।